

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর  
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়  
৩২, বিচারপতি এস.এম. মোর্শেদ সরণী  
আগারগাঁও, শেরেবাংলা নগর  
ঢাকা-১২০৭।

[www.nanl.gov.bd](http://www.nanl.gov.bd)

স্মারক নং-৪৩.২৫.০০০০.০০৪.২৩.০০২.১৯.১/৭ ২০

তারিখঃ ২৭/৭/২০২০

### অনলাইন রচনা প্রতিযোগিতায় লেখা আহ্বান

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০২০ উপলক্ষে আগ্রহী ছাত্র-ছাত্রীদের নিকট থেকে আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর কর্তৃক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন ও কর্ম সম্পর্কিত নিম্ন-বর্ণিত গ্রন্থভিত্তিক আলোচনামূলক রচনা (Book Review) প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। নিম্নলিখিত গুণভিত্তিক রচনা আগামী ১৬/০৮/২০২০ তারিখে [nanldirector@gmail.com](mailto:nanldirector@gmail.com)- ই-মেইল- এ অধিদপ্তরে প্রেরণের জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

**গ্রুপ ক: মাধ্যমিক পর্যায়ের ছাত্র-ছাত্রীদের জন্য গ্রন্থ: অসমাপ্ত আত্মজীবনী (২০০০ শব্দ)**

**গ্রুপ খ: উচ্চমাধ্যমিক পর্যায়ের ছাত্র-ছাত্রীদের জন্য গ্রন্থ: কারাগারের রোজনামচা (২৫০০ শব্দ)**

**গ্রুপ গ: স্নাতক পর্যায়ের ছাত্র-ছাত্রীদের জন্য গ্রন্থ: আমার দেখা গণচীন (৩০০০ শব্দ)**

২। রচনা বাংলা ভাষায় নির্ধারিত শব্দসীমার মধ্যে লিখতে হবে। বিজয়/ইউনিকোড SutonnyMJ/ Nikosh ফন্টে ১৪ ফন্ট সাইজে টাইপ করে pdf ও এম এস ওয়ার্ড ফাইল আকারে আগামী ১৬/৮/২০২০ তারিখ রাত ১১-৩০ ঘটিকার মধ্যে [nanldirector@gmail.com](mailto:nanldirector@gmail.com)- ঠিকানায় ই-মেইল করতে হবে।

৩। রচনার প্রথম পৃষ্ঠায় একটি কভার লেটার থাকবে যেখানে গ্রুপের নাম, রচনার বিষয়বস্তুর শিরোনাম, লেখকের নাম, পিতা, মাতা বা অভিভাবকের নাম, শিক্ষা প্রতিষ্ঠান ও প্রতিষ্ঠান প্রধান/বিভাগীয় প্রধানের নাম, শ্রেণি, ক্লাস রোল ও যোগাযোগের জন্য সেল নম্বর, ই-মেইল আইডি ইত্যাদি সরবরাহ করতে হবে। কভার লেটারের বাইরে রচনার মূল অংশে এ সকল কোন তথ্য কিংবা লেখককে সনাক্তযোগ্য কোন কিছু অবশ্যই স্থান পাবে না, সে রকম ঘটলে রচনা বাতিল করা হতে পারে। রচনা মূল্যায়নের ক্ষেত্রে অধিদপ্তরের বিবেচনা ও সিদ্ধান্ত চূড়ান্ত মর্মে গণ্য হবে।

৪। উল্লেখ্য যে, প্রতিযোগীদের মধ্যে গুণভিত্তিক মূল্যায়নের ভিত্তিতে ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারীগণকে পুরস্কার ও স্বীকৃতিসূচক সনদ প্রদান করা হবে। উপযুক্ত মানের রচনা লেখকের সম্মতির ভিত্তিতে অধিদপ্তরে সংরক্ষণ করা হতে পারে।

(ফরিদ আহমদ ভূঁইয়া)

মহাপরিচালক

ফোন: ৯১৩৫৭০৯ ফ্যাক্স: ৫৮১৫৩৬৭০

ই-মেইল: [dg@nanl.gov.bd](mailto:dg@nanl.gov.bd)